ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়
সংস্থাপন শাখা
টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা।
www.tcb.gov.bd



স্মারক নং-২৬.০৫.০০০০.০০৫.০১১.৯০.২৬- ৪৪০ তারিখঃ ১৬-১১-২০২৬ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা এবং নিম্নলিখিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://tcb.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। <u>অনলাইন (Online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না:</u>

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	উপ-সহকারী প্রকৌশলী (গ্রেড-১০) বেতন স্কেল: ৩২,০০০-৭৭,৩০০/-	০১ (এক)	সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমাধারী হতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২।	সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) বেতন স্কেল: ২৩,৫০০-৫৬,৮০০/-	০৩ (তিন)	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস; (খ) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ ও কম্পিউটার মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে যথাক্রমে বাংলায় ৪৫ ও ২৫ এবং ইংরেজিতে ৭০ ও ৩০ শব্দ সম্পন্ন হতে হবে; সরকারি শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে যাদের ০২ (দুই) বছরের অভিজ্ঞতা রয়েছে তাদের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
৩।	সংরক্ষণ ও বিক্রয় সহকারী (গ্রেড-১৬) বেতন স্কেল: ২১,৯০০-৫২,৯০০/-	০১ (এক)	কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ হতে হবে। যাদের সরকারী বিভাগ ও বানিজ্যিক প্রতিষ্ঠানের বিক্রয় ও মাল খালাস, আসবাবপত্র রক্ষণাবেক্ষণের পূর্ব অভিজ্ঞতা রয়েছে তাদের অগ্রাধিকার দেয়া হবে।
৪।	টেলেক্স অপারেটর (গ্রেড-১৬) বেতন স্কেল: ২১,৯০০-৫২,৯০০/-	০১ (এক)	কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস হতে হবে। তবে বিশেষ যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে উহা শিথিল করা যেতে পারে।
৫।	অফিস সহায়ক (গ্রেড-২০) বেতন স্কেল: ২০,০০০-৪৮,৪০০/-	০৪ (চার)	প্রার্থীকে কমপক্ষে অষ্টম শ্রেণী পাশ হতে হবে।

২। আবেদন ফর্ম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

(ক) নিয়োগ পরীক্ষায় চূড়ান্তভাবে নির্বাচিত এবং যোগদানকৃত প্রার্থীদের বেতন ও ভাতাদি 'চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬' এর ১০ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান সাপেক্ষে প্রদেয় হবে।

(খ) সকল পদের ক্ষেত্রেই ০১-১১-২০২৬ খ্রি. তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। তবে, ক্রমিক নং-৩ ও ৪ নং উল্লিখিত পদের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(গ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত/বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণসাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Status-এ স্ব স্ব Option Select করতে হবে। অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি (NOC) পত্রের মূলকপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

(ঘ) আবেদনকারীকে তার অর্জিত সঠিক (সর্বশেষ) শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

(ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও প্রচলিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তাও অনুসরণ করা হবে।

(চ) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণের সনদপত্র/অভিজ্ঞতার সনদপত্রসহ) জমা দিতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি করপোরেশনের স্থায়ী বাসিন্দা তার প্রমাণক হিসেবে সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি করপোরেশনের মেয়র/প্রশাসক/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি এবং আবেদনকারী কোন কোটার দাবীদার হলে দাবীর সমর্থনে সরকারের সর্বশেষ জারীকৃত নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

Final Circular 2026

CamScanner
bekarsfeed.com

(ছ) কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(জ) একজন প্রার্থী উপরিউক্ত পদের যে কোনো ০১ (এক) টি পদে আবেদন করতে পারবেন।

(ঝ) নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(ঞ) সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে, ২ ও ৪ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ট) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিকস্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(ঠ) উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৩। <u>অনলাইনে আবেদনের নিয়মাবলী</u>

(ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীকে (https://tcb.teletalk.com.bd) ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ও সময়: ১৭/১১/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

ii) Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮/১২/২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি ও স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্প্রতি তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি USER ID নম্বর দেওয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ পদের জন্য ২০০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/- টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ক্রমিক নং ০২ হতে ০৪ পর্যন্ত পদের জন্য ১০০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক নং ৫ এ বর্ণিত পদের জন্য ৫০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল পদের অনগ্রসর নাগরিক (**ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের**) প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষার ফি ৫০ (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬ (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: TCB<space>USER ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: TCB ABCDEF & send to 16222

CamScanner
bekarsfeed.com

Reply: Applicant's Name, TK 223/- or 112 or TK 56 will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type TCB<space>YES< space> PIN & Send to 16222

দ্বিতীয় SMS: TCB<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: TCB YES 12345678 & send to 16222

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for TCB Application for (Post Name). User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://tcb.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত USER ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ USER ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) USER ID জানা থাকলে:
TCB<space>Help<space>USER<space>USER ID & Send to 16222
Example: TCB Help USER ABCDEF & send to 16222

ii) PIN Number জানা থাকলে:
TCB<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example: TCB Help PIN 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট https://mincom.gov.bd ও টিসিবি'র ওয়েবসাইট https://tcb.gov.bd এবং https://tcb.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://tcb.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল/প্রদর্শণ করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

(ট) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক মোবাইল হইতে ১২১ এ কল করুন। এছাড়াও alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: TCB Post Name ****, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৪। অনলাইনে পূরণকৃত মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

৫। আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ Substantive ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। Substantive ত্রুটির কারণে প্রার্থীতা বাতিল হবে।

CamScanner
bekarsfeed.com

৬। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচী টিসিবি'র ওয়েবসাইটে (www.tcb.gov.bd) প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৭। **ডিক্লারেশন :**
প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পরলে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৮। নিয়োগ পরীক্ষার বিষয়, পরীক্ষার নম্বর বন্টন ও সময় সংক্রান্ত বিস্তারিত তথ্য টিসিবি'র ওয়েবসাইট (www.tcb.gov.bd) এ প্রকাশ করা হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইন-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান সম্পন্ন করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

16.11.2026

অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
ফোনঃ ০২-৫৫০১৪২৭১
ই-মেইল: tcbsecretary@tcb.gov.bd

ekarsfeed

CamScanner